



সীমিত
নিয়োগ বিজ্ঞপ্তি
আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ
ঢাকা সেনানিবাস

১। আর্মড ফোর্সেস মেডিকেল কলেজে অস্থায়ীভিত্তিতে চুক্তিভিত্তিক অসামরিক লেকচারার ও সহকারী রেজিস্ট্রার নিয়োগ দেওয়া হবে। এ প্রেক্ষিতে পেশাগত জ্ঞানসম্পন্ন ও অভিজ্ঞ আগ্রহী জনসূত্রে বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম ও সংখ্যা	বিভাগ ও সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
অসামরিক লেকচারার ও অসামরিক সহকারী রেজিস্ট্রার	ফরেনসিক মেডিসিন-১ ডার্মাটোলজি-১ মনোরোগ বিদ্যা-১	(ক) বাংলাদেশ সরকার স্বীকৃত যে কোন মেডিকেল কলেজ হতে এমবিবিএস ডিগ্রী প্রাপ্ত হতে হবে। (খ) এক বৎসর ইন্টার্নশিপ প্রশিক্ষণ সমাপ্ত হতে হবে। (গ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল হতে রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে। (ঘ) উপরোক্ত বিষয়ে পূর্বে শিক্ষকতার অভিজ্ঞতা থাকলে অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হবে এবং মনোরোগ বিদ্যা বিভাগের জন্য এফসিপিএস পার্ট-১/ডিপ্লোমাকারীদের অগ্রাধিকার দেওয়া হবে। (ঙ) প্রথম ০৬ মাস প্রবেশিকা সময় হিসেবে গণ্য হবে। এই ছয় মাস পর পারফরমেন্স মনিটরিং-এর সুপারিশের ভিত্তিতে চাকুরির মেয়াদ চূড়ান্ত হবে।

২। নিয়োগ পরীক্ষাঃ লিখিত, মৌখিক ও বিষয়ভিত্তিক পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন মাধ্যমে নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে এবং চূড়ান্ত ফলাফলের ক্ষেত্রে পূর্ববর্তী অভিজ্ঞতা এবং এমবিবিএস সহ অন্যান্য পরীক্ষার ফলাফলকে অগ্রাধিকার দেওয়া হবে।

৩। বেতনঃ এএফএমসি এর প্রচলিত নীতিমালা অনুযায়ী।

৪। প্রার্থীর অযোগ্যতাঃ

- (ক) সরকারি চাকরি হতে শৃঙ্খলা জনিত কারণে বরখাস্তকৃত।
- (খ) কোন ফৌজদারী মামলার আসামী বা আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত।
- (গ) নিরাপত্তা ছাড়পত্রজনিত কোনো সমস্যা।

৫। আগ্রহী প্রার্থীগণকে বিস্তারিত জীবন বৃত্তান্ত সহ আবেদনপত্র আগামী ০৫ জুলাই ২০২৬ তারিখের মধ্যে অত্র কলেজের প্রশিক্ষণ শাখায় ডাক যোগে অথবা সরাসরি জমা দিতে হবে। উল্লেখ্য যে, ০৫ জুলাই ২০২৬ তারিখের পর কোন প্রকার আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৬। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

- (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও মার্কসীট এর সত্যায়িত ফটোকপি।
- (খ) সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন সত্যায়িত ছবি।
- (গ) ইন্টার্নশিপ সমাপ্তি সনদের সত্যায়িত ফটোকপি।
- (ঘ) বিএমএন্ডডিসি রেজিস্ট্রেশনের সত্যায়িত ফটোকপি।
- (ঙ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- (চ) অতিরিক্তি যোগ্যতা/অভিজ্ঞতার সনদের সত্যায়িত ফটোকপি (যদি থাকে)।

৭। নির্বাচনী পরীক্ষার তারিখ, সময় ও স্থান পরবর্তীতে মুঠোফোনে অথবা ক্ষুদেবার্তার মাধ্যমে জানানো হবে।

৮। এ ব্যাপারে বিস্তারিত তথ্য অফিস চলাকালীন (০৯০০-১৪৩০ ঘটিকা) এএফএমসি'র জিএসও-২ (প্রশিক্ষণ) এর দপ্তর হতে সংগ্রহ করা যাবে।

৯। নিয়োগ বিজ্ঞপ্তি এবং এ সংক্রান্ত যে কোন তথ্য/সিদ্ধান্ত কলেজ কর্তৃপক্ষ পরিবর্তনের অধিকার সংরক্ষণ করেন।

কমান্ড্যান্ট
আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ
ঢাকা সেনানিবাস

সীমিত